

বিজ্ঞপ্তি নম্বর: ২০১৪/২০১৫/০৬

তারিখ: ২৪/১০/১৫

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ অক্টোবর ২০১৬ হতে ৩০ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত (www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এ প্রবেশ করে আবেদন ফরম অনলাইনে পূরণ সাপেক্ষে প্রিন্ট কপি নিতে হবে। কলেজ জনতা ব্যাংক বুথ শাখায় সকাল ১০.৩০ মিনিট থেকে দুপুর ২.৩০ মিনিট পর্যন্ত আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা দিয়ে পূরণকৃত আবেদন ফরম আগামী ৩০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.৩০ মিনিট থেকে দুপুর ২.৩০ মিনিট পর্যন্ত ভর্তি কমিটির নিকট (শিক্ষক ক্লাবে) জমা দেয়ার জন্য বলা হলো।

১। আবেদনের যোগ্যতাঃ

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাইভেট রেজিস্ট্রেশনে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
- গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থী পঠিত বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। এই কলেজে মাস্টার্স ১ম পর্ব নিয়মিত কোর্সে অধিভুক্ত বিষয় ও বিষয় কোডসমূহঃ

- এম.এঃ বাংলা (১০০১), ইংরেজি (১১০১), ইতিহাস (১৫০১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৬০১), দর্শন (১৭০১), ইসলামি শিক্ষা (১৮০১)।
- এম.এস.এসঃ রাষ্ট্রবিজ্ঞান (১৯০১), অর্থনীতি (২২০১)
- এম.বি.এসঃ হিসাববিজ্ঞান (২৫০১), ব্যবস্থাপনা (২৬০১)।
- এমএসসিঃ পদার্থবিজ্ঞান (২৭০১), রসায়ন (২৮০১), উদ্ভিদবিজ্ঞান (৩০০১), প্রাণিবিদ্যা(৩১০১), গণিত (৩৭০১)।

৩। অনলাইনে আবেদন প্রিন্ট কপির সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবেঃ

- ক) এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস)/সম্মান (পাস ডিগ্রী প্রাপ্ত) পরীক্ষার সনদ ও নম্বরের সত্যায়িত ০১ সেট বিশ্ববিদ্যালয়ের অংশের সাথে এবং ০১ সেট কলেজের অংশের সাথে সংযুক্ত করতে হবে।
- খ) আবেদন ফরমের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- গ) আবেদন ফরমে মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

স্মারক নম্বরঃ ২০১৪/২০১৫/০৬

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

১. উপাধ্যক্ষ, এই কলেজ
২. আহবায়ক, মাস্টার্স ১ম পর্ব ভর্তি কমিটি (২০১৪-২০১৫শিক্ষাবর্ষ), এই কলেজ
৩. ম্যানেজার, জনতা ব্যাংক লালবাগ বাজার শাখা, রংপুর
৪. প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, এই কলেজ
৫. কলেজ নোটিশ বোর্ড
৬. সংরক্ষণ নথি।

(প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ রংপুর

তারিখঃ ২৪/১০/১৫

(প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ রংপুর

প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু-৫২৬৩

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ রংপুর